

খেলা কর্ খেলা কর্ তোরা কামিনীকুসুমগুলি ।
 দেখ্ সমীরণ লতাকুঞ্জে গিয়া কুসুমগুলির চিবুক ধরিয়া
 ফিরায়ে এ ধার, ফিরায়ে ও ধার, দুইটি কপোল চুমে বারবার
 মুখানি উঠায়ে তুলি ।

তোরা খেলা কর্ তোরা খেলা কর্ কামিনীকুসুমগুলি ।
 কড়ু পাতা-মাঝে লুকায়ে মুখ, কড়ু বায়ু-কাছে খুলে দে বুক,
 মাথা নাড়ি নাড়ি নাচ্ কড়ু নাচ্ বায়ু-কোলে দুলি দুলি ।
 দু দণ্ড বাঁচিবি, খেলা তবে খেলা— প্রতি নিমিষেই ফুরাইছে বেলা,
 বসন্তের কোলে খেলাশ্রান্ত প্রাণ ত্যজিবি ভাবনা ভুলি ॥

Parjaay: Natya-geeti, Taal: Kawali, Raag: Kalingara
 Visit www.geetabitan.com for notation and other detail